

শহরে অপরাধ সমস্যার মোকাবেলা করা

পটভূমি:

এফবি আই দ্বারা তৈরি করা [ইউনিফর্ম ক্রাইম রিপোর্ট](#)-এর পরিসংখ্যান অনুসারে, 2008 সালে ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়ায় প্রতি 100,000 জনের মধ্যে 1437.7 জন লোক হিংসাত্মক অপরাধের অভিযোগ করেছেন। এছাড়াও 2008 সালের ঐ একই সময়ে প্রতি 100,000 জনের মধ্যে 5104.6 জন লোক সম্পত্তি সংক্রান্ত অপরাধের অভিযোগ করেছেন। সামগ্রিকভাবে, কলম্বিয়া জেলাতে 1995 সালের তুলনায় ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়ায় হিংসাত্মক অপরাধ 46% কমেছে এবং ঐ একই সময়ে সম্পত্তি সংক্রান্ত অপরাধ 46.3% কমেছে।

শহরের অপরাধ প্রতিরোধ করা:

- জানলা সর্বদা উঠিয়ে রাখুন, দরজা সবসময় বন্ধ রাখুন এবং যখন আপনার যানবাহন রেখে যাবেন তখন মূল্যবান কিছু থাকলে তা নিয়ে নিন অথবা সহজে চোখে পড়ে এমন স্থান থেকে সরিয়ে রাখুন।
- বাড়ীতে বা বাইরে যেখানেই থাকুন না কেন সর্বদা আপনার বাড়ীর দরজা বন্ধ রাখুন।
- আপনি যদি শহর ছেড়ে কোথাও যান সেইক্ষেত্রে, ডাক পরিষেবা এবং সংবাদপত্র বিতরণ সাময়িকভাবে স্থগিত করুন অথবা বিশ্বস্ত কাউকে সেগুলি সংগ্রহ করতে বলুন।
- রাতের দিকে, আলো আছে এমন স্থানে থাকার চেষ্টা করুন এবং অন্ধকার গলি, প্রবেশ পথ এবং রাস্তার কোণা এড়িয়ে চলুন।
- দরজায় পৌঁছানোর আগে আপনার হাতে গাড়ী বা বাড়ীর চাবি নিন।
- আশপাশ সম্পর্কে অবহিত থাকুন; কাছাপিঠে থানা কোথায় আছে তা জেনে রাখুন।
- আপনি যদি অ্যাপার্টমেন্টে থাকেন, তাহলে কখনই অচেনা লোককে আপনার বাড়ীতে ঢুকতে দেবেন না।
- আপনার বাড়ীর মূল দরজা খোলার আগে কীহোল দিয়ে দেখুন। যদি আপনি না চেনেন তাহলে আপনার নিরাপত্তা চেন থাকলেও খুলবেন না।
- যদি কোনো অপ্রত্যাশিত ডেলিভারি বা সার্ভিস কল আপনার বাড়ীতে আসে তাহলে তাদের নাম জেনে তাদের নিয়োগকর্তাকে কল করে পরিচয় যাচাই করুন এবং অপ্রত্যাশিত পরিদর্শনের কারণ জিজ্ঞাসা করুন।
- যদি আপনি বাড়ীতে এসে দেখেন যে দরজা বা জানলা খোলা রয়েছে তাহলে প্রবেশ করবেন না-- অবিলম্বে পুলিশ ডাকুন।
- ডাকাতির সময়, মনে রাখবেন আপনার নগদ অর্থ, গহনা বা মূল্যবান যা ডাকাতরা নিয়ে যাবে তার থেকে আপনার জীবন বেশী মূল্যবান।
- আপনি যদি কোনো হিংসাত্মক অপরাধের শিকার হয়ে থাকেন এবং আহত হয়ে থাকেন তাহলে অবিলম্বে চিকিৎসা করান।
- যদি যৌন হয়রানির শিকার হন তাহলে সমস্ত প্রমাণ সংরক্ষিত রাখুন। জামাকাপড় পরিবর্তন করবেন না, স্নান করবেন না বা হাতমুখ ধোবেন না, খাবার, পানীয় গ্রহণ করবেন না বা ধূমপান করবেন না, দাঁত মাজবেন না বা বাথরুমে যাবেন না। পুলিশ বা কাউন্সেলর ঠিক আছে না বলা পর্যন্ত কিছু ফেলবেন না।
- যৌন হয়রানির শিকার হওয়া ব্যক্তিদের অবিলম্বে ডাক্তার দেখানো অথবা নিকটবর্তী হাসপাতালে নিয়ে যেতে হবে। পীড়িত ব্যক্তিকে 9-1-1 নম্বরে পুলিশকে কল করতে হবে অথবা দা ডি.সি. রিপ ক্রাইসিস সেন্টারের 202-333-7273 নম্বরে কল করতে হবে।
- আপনার যানবাহন যদি চুরি হয়ে যায়, তাহলে অবিলম্বে মেট্রোপলিটন পুলিশ ডিপার্টমেন্ট-এ চুরির অভিযোগ দায়ের করুন। পুলিশকে যানবাহনটি কোন বছর কেনা, কোন কোম্পানির তৈরি, সেটির কোন মডেলের, যানবাহনের রঙ এবং VIN নম্বর জানান।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার

রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011

